

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১২০.১৯.১২৭

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৬

০৯ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৩৯৬৫/২০১৮ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১২.১১.২০১৮ খ্রি:।

‘উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব আল হাজ্জ আহমেদ আলী, পিতা: মৃত মুজিবুর রহমান, মাতা: রাইমন বিবি এবং সহ-সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য, গভর্নিং বডি, মাজগ্রাম ফাযিল (ডিগ্রী) মাদরাসা, উপজেলা: নন্দীগ্রাম, জেলা: বগুড়া কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩৯৬৫/২০১৮ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব আল হাজ্জ আহমেদ আলী কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৩.১৭-৫৭১, তারিখ: ০৮.০৮.২০১৮ খ্রি:-কে চ্যালেঞ্জ করা হয়েছে। স্মারক পত্রটিতে মাজগ্রাম ফাযিল (ডিগ্রী) মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষকে মো: আইয়ুব আলী, সহকারী অধ্যাপক (আরবী), মাজগ্রাম ফাযিল (ডিগ্রী) মাদরাসা এর কাছে দায়িত্ব হস্তান্তরের নির্দেশ দেয়া হয়। সেসাথে মামলাটিতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২৬৩.১৮-২০৫, তারিখ: ০৩.১০.২০১৮ খ্রি:-কে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৩৯৬৫/২০১৮ মামলা দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ৪ নং রেসপনডেন্টসহ মোট ০৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. রিট পিটিশন নং-১৩৯৬৫/২০১৮ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরূপ আদেশ জারি করা হয়েছে:

“ Pending hearing of the Rule, operation of the impugned Memo No.57.25.0000.003.02.023.17-571 dated 08.08.2018 and Memo No. 57.00.0000.046.04.0163.18-205 dated 03.10.2018 (Annexure-D and D-1) purportedly issued from the office of the Technical and Madrasha Education Department, Masdrasha Education Directorate and by the Ministry of Education directing the principal (in charge) of Mazgram Fazil (Degree) Madrasha, Nandigram, Bogura to hand over charge to Respondent No. 10 is stayed for a period of 04 (four) months from date.”

০৫. উক্ত রিট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

ক. উক্ত রিট মামলার জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল হয়েছে কি-না?

খ. উক্ত মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত Stay order vacate করার জন্য কোন পদক্ষেপ গৃহীত হয়েছে কীনা ?

গ. পদক্ষেপ গৃহীত হয়ে থাকলে এর ফলাফল কী ?

ঘ. উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?

৩. উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৩৯৬৫/২০১৮ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৯-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১২০.১৯.১২৭/১(৭)

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৬

০৯ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৯-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)